ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭৭৫
আগরতলা, ৮ সেপ্টেম্বর, ২০২৫

**ধারাবাহিকতা বজায় রেখে রক্তদানে এগিয়ে আসতে হবে ঃ মেয়র**

ত্রিপুরা রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদের উদ্যোগে আজ আগরতলা টাউনহলে এক আলোচনা সভার আয়োজন করা হয়। আগরতলা পুরনিগম এলাকায় স্বেচ্ছায় রক্তদান বৃদ্ধি করার উদ্দেশ্যে এই সভার আয়োজন করা হয়। সভায় উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। তিনি তাঁর বক্তব্যে বলেন, রক্তের প্রয়োজনীয়তা সমাজে সবথেকে বেশি গুরুত্বপূর্ণ। তাই ধারাবাহিকতা বজায় রেখে রক্তদানে এগিয়ে আসতে হবে। তিনি বলেন, রক্তদান মানব সমাজের শ্রেষ্ঠ ধর্ম। এতে রক্তদাতা ও গ্রহীতার মধ্যে গড়ে উঠে রক্তের সম্পর্ক। তিনি বলেন, শহরের প্রত্যেক ক্লাব, সামাজিক সংস্থা ও যুব সমাজকে রক্তদানে উৎসাহিত করতে হবে। নারীদেরও তিনি রক্তদানে আরও বেশি করে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের উত্তর জোনের জোনাল চেয়ারম্যান প্রদীপ চন্দ সমাজে রক্তদানের গুরুত্ব নিয়ে আলোচনা করেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র ইন কাউন্সিল হীরালাল দেবনাথ, মেয়র ইন কাউন্সিল বাপী দাস, সমাজসেবী অসীম ভট্টাচার্য, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের উপ অধিকর্তা ডা. সুভাশিস রায় সহ আগরতলা পুরনিগমের অন্তর্গত বিভিন্ন ক্লাব ও সামাজিক সংস্থার সদস্য ও সদস্যাগণ।

******